



জাত পরিচিতি

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট পরীক্ষা নিরীক্ষা করে হবিগঞ্জ ও সুনামগঞ্জের হাওড় এলাকার উপযোগী বলে এ জাতটি ইন্দোনেশিয়া থেকে এদেশে প্রবর্তন করেছে। এটি ১৯৮৫ সালে বোরো মৌসুমে চাষাবাদের জন্য বিআর১৮ নামে জাতীয় বীজ বোর্ডের অনুমোদন লাভ করে। এ জাতের জনপ্রিয় নাম শাহজালাল।

জাতের বৈশিষ্ট্য

- ▶ কাণ্ড খুবই মজবুত ও হেলে পড়া প্রতিরোধী।
- ▶ গাছের উচ্চতা ১১৫-১২০ সেন্টিমিটার।
- ▶ চারার উচ্চতা ২০-২৫ সেন্টিমিটার।
- ▶ কুশি গজানোর ক্ষমতা মাঝারি।
- ▶ পাতা প্রশস্ত, লম্বা এবং মোটামুটি খাড়া।
- ▶ চাল মাঝারি মোটা, সাদা ও ভাত বরবরে।
- ▶ এ জাতের ধান মাড়াই করা সহজ।



বিআর১৮

এ জাতের বিশেষ প্রয়োজনীয়তা

হাওড়, বাওর আর বিলাপ্পলে এ জাতের আবাদ করা উচিত। কারণ এর কাণ্ড লম্বা, তাই ধান পাকার সময় হঠাৎ বন্যায় মাঠে কোমর পানি হলেও ফসল কাটা যায়। চারা অবস্থায় এ জাতটি মধ্যম মাত্রার ঠান্ডা সহ্য করতে পারে।

জীবনকাল: জাতটির গড় জীবনকাল ১৬৫-১৭০ দিন।

ফলন: উপযুক্ত পরিচর্যা পেলে হেক্টর প্রতি ৬.০-৬.৫ টন পর্যন্ত ফলন পাওয়া যায়।

চাষাবাদ পদ্ধতি

১. বীজ তলায় বীজ বপন: ১৫-৩০ কার্তিক পর্যন্ত অর্থাৎ (৩০ অক্টোবর-১৪ নভেম্বর)।

২. রোপনের সময়: ৩০ অগ্রহায়ণ- ১৫ পৌষ।

৩. সার ব্যবস্থাপনা (কেজি/বিঘা):

ইউরিয়া	টিএসপি/ডিএপি	এমওপি	জিপসাম	জিংক
৩০-৪০	৭-১৪	৮-১৬	৪-১১	০.৭-১.০

৩.১ ইউরিয়া সার তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে।

প্রথম উপরি প্রয়োগ : রোপনের ১৫-২০ দিন পর।

দ্বিতীয় উপরি প্রয়োগ : রোপনের ৩০-৩৫ দিন পর। ইউরিয়া প্রয়োগের পর সার মাটির সাথে মিশিয়ে দিতে হবে।

তৃতীয় উপরি প্রয়োগ : রোপনের ৫০-৫৫ দিন পর।

৩.২ ইউরিয়া প্রয়োগের সঠিক সময় নির্ণয়ের জন্য লিফ কালার চার্ট ব্যবহার করতে হবে।

৪. আগাছা দমন: চারা রোপনের পর অন্তত ৪৫ দিন পর্যন্ত জমি আগাছা মুক্ত রাখতে হবে।

৫. সেচ ব্যবস্থাপনা: খোর অবস্থা থেকে দুধ অবস্থা পর্যন্ত জমিতে পর্যাপ্ত পানির ব্যবস্থা রাখতে হবে।

৬. রোগ বালাই ও পোকামাকড় দমন: বিআর১৮ জাত এ রোগ বালাই ও পোকামাকড়ের আক্রমণ প্রচলিত জাতের চেয়ে অনেক কম হয়। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করা উচিত।

৭. ফসল কাটা: ধান কাটার উপযুক্ত সময় হলো ২০ চৈত্র-০৫ বৈশাখ অর্থাৎ ৩ এপ্রিল থেকে ১৮ এপ্রিল।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি। ই-মেইলঃ dr@brri.gov.bd

অধিবেশন ২: মডিউল ২

ফ্যান্ট শীট ৬